



মধ্যপ্রাচ্যে দ্বিতীয় আরেকটি বিমানবাহী রণতরী পাঠাচ্ছে যুক্তরাষ্ট্র



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে ইউএসএস থিওডোর রুজভেল্ট বিমানবাহী রণতরীর স্ট্রাইক গ্রুপ ও ১৩তম মেরিন এক্সপেডিশনারি ইউনিট পাঠাচ্ছে যুক্তরাষ্ট্র। মঙ্গলবার মার্কিন কর্মকর্তাদের বরাতে এ তথ্য জানিয়েছে ফক্স নিউজ।

প্রতিবেদন অনুযায়ী, রণতরীর স্ট্রাইক গ্রুপটি নভেম্বরের শেষ নাগাদ মধ্যপ্রাচ্যে পৌঁছাতে পারে। এর আগে ১ অক্টোবর এক মার্কিন কর্মকর্তা দ্য জেরুজালেম পোস্টকে জানিয়েছিলেন, বিমানবাহী রণতরী ও মেরিন সেনাদের একটি ইউনিট সেন্টকমের অভিযান এলাকার আওতায় পাঠানো হবে।

বর্তমানে মধ্যপ্রাচ্যে ইউএসএস জর্জ এইচ ডব্লিউ বুশ ও ইউএসএস জর্জ ওয়াশিংটন মোতায়েন রয়েছে। এ ছাড়া আরব সাগরে ইউএসএস বক্সার অ্যাম্ফিবিয়াস রেডি গ্রুপের সঙ্গে ১১তম মেরিন এক্সপেডিশনারি ইউনিট, ইউএসএস পোর্টল্যান্ড ও ইউএসএস কমস্টক রয়েছে।

LENS ASIA